খুলনা সিটি কর্পোরেশন,খুলনা

বৈদ্যুতিক লাইসেন্স নবায়ন/ হালনাগাদ ও নতুন বিজ্ঞপ্তি

শুধুমাত্র সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের মাধ্যমে ক্রয় কার্য্য সম্পাদনের লক্ষ্য খুলনা সিটি কর্পোরেশনের তালিকাভুক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান যাহাদের এ.বি.সি লাইসেন্স আছে তাহাদের অবগতির জন্য জানানো যাইতেছে যে,ইতিপূর্বে তাহাদের অনুকুলে ইস্যুকৃত লাইসেন্স এর নবায়ন/ হালনাগাদ এর মেয়াদ আগামী ইং ৩০/৬/২০২৬ তারিখ (২০২৫-২০৬ অর্থ বৎসর) মেয়াদ উত্তীর্ণ হইবে।

অতএব, আগামী ১লা জুলাই'২০২৬ হইতে ৩১ শে জুলাই '২০২৬ এর মধ্যে সিভিল কাজের লাইসেন্স নবায়ন/হালনাগাদ সাপেক্ষে তাহাদের স্ব স্ব বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স আগামী ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য নবায়ন/হালনাগাদ করিবার জন্য অনুরোধ করা গেল। নিয়ম মাফিক ২০২৬-২০২৭ সালের জন্য নবায়নকৃত অত্র কর্পোরেশনের ঠিকাদারী রেজিষ্ট্রেশন বই, ঠিকাদারী লাইসেন্স 'ফি' এর ১৫% হারে ভ্যাট এর টাকা হিসাব নং ১১০১ ,চালান নং | ১ | | ১ | ১ | ৩ | ৩ | | ০ | ০ | ০ | ১ | | ০ | ৩ | ১ | ১ | .এর মাধ্যমে ব্যাংকে জমা দিয়া চালান রশিদ, বৈদ্যুতিক লাইসেন্স ও সুপারভাইজারী লাইসেন্সের মূল বহি নিম্ন স্বাক্ষরকারীকে প্রদর্শন পূর্বক প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) বরাবর আবেদনের মাধ্যমে উক্ত সময়ের মধ্যে খুলনা সিটি কর্পোরেশনের ক্যাশ শাখার মাধ্যমে কর্পোরেশনের তহবিলে নির্ধারিত 'ফি' জমা দিয়া ঠিকাদারী লাইসেন্স নবায়ন/ হালনাগাদ করিবার জন্য অনুরোধ করা গেল।

নবায়ন/হালনাগাদ 'ফি' সিটি কর্পোরেশনের ক্যাশ শাখার নিকট জমা দিয়া সংশ্লিষ্ট কাগজপত্র সংশ্লিষ্ট সহকারীকে প্রদর্শন করিয়া পূর্ত বিভাগে সংরক্ষিত রেজিষ্ট্রারে রেজিষ্ট্রারভুক্ত করাইয়া লইতে হইবে। কোন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান নবায়ন/হালনাগাদ ফিস জমাদানের পর পূর্ত বিভাগের রেজিষ্ট্রারে নাম লিপিবদ্ধ না করাইলে তাহার/তাহাদের নাম তালিকায় তোলা সম্ভব হইবে না এবং তালিকা বর্হিভূত ঠিকাদারগন টেন্ডারে অংশ গ্রহন করিলেও তাহার/তাহাদের টেন্ডার গ্রহনযোগ্য হইবে না।

*** বৈদ্যুতিক লাইসেন্স নবায়ন/হালনাগাদ ফি - ৳ ২,০০০/- (দুই হাজার) টাকা আলাদাভাবে (১৫% হারে ভ্যাট প্রযোজ্য)।**

এবং

*** বৈদ্যুতিক লাইসেন্স তালিকাভুক্তি ফি - ৳ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা আলাদাভাবে (১৫% হারে ভ্যাট প্রযোজ্য)।**

যাহারা ইং ৩১/৭/২০২৬ তারিখের মধ্যে নবায়ন/হালনাগাদ "ফি" জমা দিতে ব্যর্থ হইবেন তাহাদের নিম্নলিখিত হারে জরিমানা প্রদান সাপেক্ষে বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স নবায়নের/ হালনাগাদের সুযোগ দেওয়া যাইবে। ২০২৫-২০২৬ সালের ঠিকাদারী লাইসেন্স নবায়ন/হালনাগাদ ব্যতিরেকে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান কোন টেন্ডারের অংশ গ্রহন করিতে পারিবেন না।

১। ১লা জুলাই'২০২৬ হইতে ৩১ শে জুলাই'২০২৬ পর্যন্ত বিনা জরিমানা।
২। ১লা আগষ্ট'২০২৬ হইতে ৩১ শে আগষ্ট'২০২৬ পর্যন্ত মূল ফি এর উপর ৫০% জরিমানা।
৩। ১লা সেপ্টেম্বর '২০২৬ হইতে ৩০শে সেপ্টেম্বর '২০২৬ পর্যন্ত মূল ফি এর উপর ৭৫% জরিমানা।
৪। ১লাঅক্টোবর '২০২৬ হইতে ৩১ শে অক্টোবর'২০২৬ পর্যন্ত মূল ফি এর উপর ১০০% জরিমানা।
৫। ১লা নভেম্বর '২০২৬ হইতে ৩১ শে ডিসেম্বর'২০২৬পর্যন্ত মূল ফি এর উপর ১৫০% জরিমানা।

এবং

৬। ১লা জানুয়ারী '২০২৭ হইতে ৩০ শে জুন'২০২৭ পর্যন্ত মূল ফি এর উপর ২০০% জরিমানা প্রদান সাপেক্ষে লাইসেন্স নবায়নের/ হালনাগাদের সুযোগ দেওয়া গেল।

*** তালিকাভুক্ত সংক্রান্ত ১ম সভা (ইং) ১০/০৯/২০২৬ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হইবে।**

সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) (চঃদাঃ)
খুলনা সিটি কর্পোরেশন,খুলনা

স্মারক নং- পূঃবিঃ/২০২৫-২৬/ ৮৭৯ তাং- 22/১/2৮

অনুলিপিঃ

১। প্রধান নির্বাহী কর্মকর্তা , খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
২। সচিব, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৩। প্রধান প্রকৌশলী , খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৪। নির্বাহী প্রকৌশলী, ক ও খ অঞ্চল, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৫। বিভাগ/শাখা প্রধানগন, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৬। সিএ টু প্রশাসক, (মাননীয় প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য), খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৭। সভাপতি/সাধারণ সম্পাদক, কেসিসি ঠিকাদার কল্যাণ সমিতি, খুলনা।
৮। সকল শ্রেণীর ঠিকাদারবৃন্দ, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
৯। নোটিশ বোর্ড, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।

সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) (চঃদাঃ)
খুলনা সিটি কর্পোরেশন,খুলনা

স্মারক নং- পূঃবিঃ/২০২৫-২৬/ ৮৭৯ তাং- 22/১/2৬

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার, খুলনা।
২। পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা।
৩। চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা
৪। জেলা প্রশাসক, খুলনা।
৫। সুপারিনটেনডেন্ট অব পুলিশ, খুলনা।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন). খুলনা।
৭। নির্বাহী প্রকৌশলী, খুলনা ওয়াসা/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/জেলা পরিষদ/সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি/ পরিচালন ও সংরক্ষণ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।

সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) (চঃদাঃ)
খুলনা সিটি কর্পোরেশন,খুলনা